দৈনিক বাংলা

তারিখ ... ৬।৫।৭৩ ... ...
পৃষ্ঠা ... ... ১ ... কলাম ... ৪ ...

129

## টেলিফোন টেলিগ্রাফের সংশোধিত মাশুল

সংশোধিত টেলিফোন মাশুলে অনুযায়ী ঢাকা, চট্টগ্রাম ও খুলনা শহর এলাকায় মাল্টি-এক্সচেঞ্জে একটা নতুন টেলিফোন কানেকশনের জন্য খরচ পড়বে ৪ হাজার টাকা। টেলিযোগাযোগ সূত্র গতকাল বাসসকে একথা জানায়।

নতুন মাশুল ১লা মে থেকে বলবৎ হয়েছে।

সংশোধিত মাশুল মোতাবেক একটা টেলিফোন কলের ব্যয় পড়বে গত মাশুলের ৫০ পয়সার স্থলে ৭৫ পয়সা। একটা নতুন টেলিফোন কানেকশনের ইনস্টলেশন চার্জ ও সিকিউরিটি ডিপোজিট থাকবে পূর্ববর্তী মাশুল যথাক্রমে ৪ শ' টাকা ও আড়াই শ' টাকার স্থলে প্রতি ক্ষেত্রে ২ হাজার টাকা। লাইন রেন্ট হবে প্রতি মাসে ৪০ টাকার স্থলে ৬০ টাকা।

এ ছাড়াও এখন থেকে প্রতিটি নতুন কানেকশনের আবেদনপত্রের সঙ্গে এক শ' করে টাকা প্রদান করতে হবে।

সংশোধিত টেলিফোন মাশুলে অনুযায়ী ঢাকা, চট্টগ্রাম ও খুলনার মাল্টি-এক্সচেঞ্জ এলাকায় একটা নতুন টেলিফোন কানেকশনের ব্যয় পড়বে:

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## টেলিফোন

(১ম পৃঃ পর)

আবেদন ফি—এক শ' টাকা, ইনস্টলেশন ফি—দু' হাজার টাকা, সিকিউরিটি ডিপোজিট—দু' হাজার টাকা, লাইন রেন্ট মাসে ৬০ টাকা ও প্রতি কলের জন্য ৭৫ পয়সা।

সংশোধিত মাশুলে টেলিগ্রাফ সার্ভিসের রেট নিম্নলিখিতভাবে ধার্য করা হয়েছে:

অর্ডিনারী টেলিগ্রাফ—দশটি শব্দ পর্যন্ত আড়াই টাকা এবং পরবর্তী প্রতিটি শব্দের জন্য ৩০ পয়সা।

এক্সপ্রেস টেলিগ্রাফ—দশটি শব্দ পর্যন্ত ৫ টাকা এবং পরবর্তী প্রতিটি শব্দের জন্য ৫০ পয়সা।